রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, ডিসেম্বর ২২, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৩ পৌষ, ১৪২৫ বঙ্গাব্দ/১৭ ডিসেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ

**এস. আর. ও নং ৩৬৪-আইন/২০১৮।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩৩ এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে, রাষ্ট্রপতি উক্ত সংবিধানের অনুচ্ছেদ ১৪০ (২) এর বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। **শিরোনাম**।—এই বিধিমালা "শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীনস্থ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন Secondary Education Sector Improvement Project (SESIP) শীর্ষক উন্নয়ন প্রকল্প হইতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের পদধারীদের নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১৮" নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"কর্তৃপক্ষ"** অর্থ রাজস্ব বাজেটের সংশ্লিষ্ট পদের নিয়োগকারী কর্তৃপক্ষ;

(খ) **"কমিশন"** অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(গ) **"তফসিল"** অর্থ এই বিধিমালার তফসিল;

(ঘ) **"নিয়মিতকরণ"** অর্থ রাজস্ব বাজেটের পদে সাময়িকভাবে পদায়নকৃত কোনো কর্মচারীকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নিয়মিতকরণ;


মূল্য : টাকা ৪.০০

(ঙ) **"প্রকল্প"** অর্থ ০১ জুলাই, ১৯৯৯ তারিখ শুরু হইয়া ৩০ জুন, ২০০৭ তারিখে সমাপ্ত সরকার অনুমোদিত শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীনস্থ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন "Secondary Education Sector Improvement Project (SESIP)" প্রকল্প;

(চ) **"প্রকল্পের কর্মচারী"** অর্থ প্রকল্পের কোনো পদে নিয়োগপ্রাপ্ত হইয়া প্রকল্প সমাপ্ত হইবার তারিখ পর্যন্ত ধারাবাহিকভাবে চাকুরীরত ছিলেন এইরূপ কর্মচারী;

(ছ) **"প্রকল্পের চাকুরীকাল"** অর্থ প্রকল্পে যোগদানের তারিখ হইতে প্রকল্প সমাপ্তির তারিখ পর্যন্ত ধারাবাহিকভাবে কর্মরত কোনো কর্মচারীর চাকুরীকাল;

(জ) **"রাজস্ব বাজেটের পদ"** অর্থ প্রকল্প হইতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত কোনো পদ; এবং

(ঝ) **"সাময়িকভাবে পদায়নকৃত"** অর্থ প্রকল্পের কোনো কর্মচারীকে রাজস্ব বাজেটের কোনো পদে অস্থায়ীভাবে পদায়ন বা নিয়োগ।

৩। **বিধিমালার প্রাধান্য।**—আপাতত বলবৎ অন্য কোনো বিধিমালা, আদেশ বা নির্দেশে যাহা কিছুই থাকুক না কেন, প্রকল্পের কর্মচারীদের ক্ষেত্রে এই বিধিমালার বিধানাবলি কার্যকর হইবে।

৪। **রাজস্ব বাজেটে নিয়মিতকরণ পদ্ধতি।**—(১) প্রকল্পের কর্মচারীকে নিম্নবর্ণিত শর্তে নিয়মিতকরণ করা যাইবে, যথা :—

(ক) তফসিলে বর্ণিত প্রকল্পের রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদে কর্মরত কর্মচারী, সংশ্লিষ্ট প্রকল্পে নিয়োগকালীন সময়ে সরকারের প্রচলিত নিয়োগবিধি বা নিয়োগ পদ্ধতি বা সংশ্লিষ্ট প্রকল্পের জন্য সরকার কর্তৃক অনুমোদিত নিয়োগবিধি, যদি থাকে, অনুসরণক্রমে নিয়োগপ্রাপ্ত হইয়া থাকিলে;

(খ) উক্ত কর্মচারীর রাজস্ব বাজেটের পদে নিয়মিতকরণের পূর্বের চাকুরীর ধারাবাহিকতা থাকিলে; এবং

(গ) উক্ত কর্মচারীর রাজস্ব বাজেটের পদে নিয়মিতকরণের পূর্বের চাকুরী সন্তোষজনক হইয়া থাকিলে।

(২) রাজস্ব বাজেটের পদে সাময়িকভাবে পদায়নকৃত কোনো কর্মচারীর চাকুরী সন্তোষজনক হইলে, তিনি অবসরোত্তর ছুটি ভোগরত থাকিলে অথবা অবসর গ্রহণের বয়স উত্তীর্ণ হইলে অথবা মৃত্যুবরণ করিলে তাহাকে ভূতাপেক্ষভাবে ক্ষেত্রমত, অবসরোত্তর ছুটি বা বয়স উত্তীর্ণ বা মৃত্যুবরণের তারিখের পূর্ব তারিখে কার্যকরতা প্রদান করিয়া নিয়মিতকরণ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, এইরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি অবসরোত্তর ছুটিতে যাইবার বা অবসর গ্রহণের বয়স উত্তীর্ণ হইবার বা মৃত্যুবরণের পূর্বের চাকুরী সন্তোষজনক হইতে হইবে।

(৩) কমিশনের আওতাভুক্ত কোনো পদে কমিশনের সুপারিশক্রমে এবং কমিশনের আওতাবহির্ভূত কোনো পদে বিভাগীয় পদোন্নতি বা বাছাই কমিটির সুপারিশক্রমে নিয়মিতকরণ করিতে হইবে।

৫। **জ্যেষ্ঠতা নির্ধারণ।**—(১) এই বিধিমালার অধীন নিয়মিতকৃত কোনো কর্মচারীর জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে তাহার চাকুরী নিয়মিতকরণের তারিখ হইতে গণনা করা হইবে।

(২) প্রকল্পে একই তারিখে নিয়োগপ্রাপ্ত একাধিক কর্মচারীর জ্যেষ্ঠতা নিম্নরূপে নির্ধারিত হইবে, যথা :—

(ক) প্রকল্পে নিয়োগের সময়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত মেধা তালিকা বা প্রদত্ত নম্বরের গ্রেডিং, যদি থাকে, এর ভিত্তিতে; এবং

(খ) দফা (ক) এ উল্লিখিত তালিকা বা প্রদত্ত নম্বরের গ্রেডিং না থাকিলে, সেইক্ষেত্রে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অর্জনের বৎসরের ভিত্তিতে এবং উক্ত বৎসর একই হইলে সেইক্ষেত্রে বয়সের ভিত্তিতে।

(৩) প্রকল্পে পূর্বে নিয়োগপ্রাপ্ত কোনো কর্মচারী প্রয়োজনীয় কাগজপত্রের অভাবে, পদাধিকারীর ত্রুটির কারণে নহে, একই পদে পরে নিয়োগপ্রাপ্ত কর্মচারীর পূর্বে বা একই সঙ্গে নিয়মিত না হইয়া পরবর্তী সময়ে নিয়মিত হইলে সেইক্ষেত্রে পরে নিয়মিত হওয়া সত্ত্বেও পূর্বে নিয়মিতকৃত কর্মচারীর উপর তাহার জ্যেষ্ঠতা নির্ধারিত হইবে।

(৪) নিয়মিতভাবে নিয়োগপ্রাপ্ত কর্মচারীর নিয়োগের তারিখ এবং নিয়মিতকৃত কর্মচারীর নিয়মিতকরণের তারিখ একই হইলে সেইক্ষেত্রে নিয়মিতভাবে নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণ নিয়মিতকৃত কর্মচারীগণের উপর জ্যেষ্ঠতা পাইবেন।

৬। **প্রকল্পের চাকুরীকাল গণনা**।—নিয়মিতকৃত কোনো কর্মচারীর প্রকল্পে চাকুরীকাল তাহার বেতন, ছুটি, পেনশন ও আনুষঙ্গিক সুবিধাদি নির্ধারণের ক্ষেত্রে গণনা করা হইবে।

৭। **অসুবিধা দূরীকরণ**।—এই বিধিমালা কার্যকরকরণের ক্ষেত্রে কোনো অসুবিধা দেখা দিলে উক্ত অসুবিধা দূরীকরণার্থে সরকার, এই বিধিমালার সহিত যতদূর সম্ভব সঙ্গতি রক্ষা করিয়া, আদেশ দ্বারা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

**তফসিল**

[বিধি-২(গ) দ্রষ্টব্য]

SESIP প্রকল্পের রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদসমূহ

| প্রকল্পের নাম | প্রকল্প শুরু ও সমাপ্ত হওয়ার তারিখ | পদের বিবরণ | পদসংখ্যা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| Secondary Education Sector Improvement Project (SESIP) | শুরু : ০১ জুলাই, ১৯৯৯<br>সমাপ্ত : ৩০ জুন, ২০০৭ | (ক) সিস্টেম এনালিস্ট | ১ (এক) |
| | | (খ) প্রোগ্রামার | ৮ (আট) |
| | | (গ) সহকারী প্রোগ্রামার | ১ (এক) |
| | | (ঘ) কম্পিউটার অপারেটর | ১৪ (চৌদ্দ) |
| | | (ঙ) ডাটা এন্ট্রি অপারেটর | ৫৮ (আটান্ন) |
| | | **সর্বমোট=** | **৮২ (বিরাশি)** |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফয়েজ আহম্মদ**
সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd